

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ

অনলাইন ডেস্ক



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২৬ শিক্ষাবর্ষের প্রথমবর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। শনিবার (২২ নভেম্বর) এ তথ্য জানায় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তর।

বিজ্ঞপ্তি অনুযায়ী, বিভিন্ন ইউনিট ও উপ-ইউনিটে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের কাছ থেকে অনলাইনে আবেদন নেওয়া হবে। প্রতি ইউনিট বা উপ-ইউনিটের জন্য আবেদন ফি (প্রসেসিং ফিসহ) এক হাজার টাকা নির্ধারণ করা হয়েছে।

আবেদন করতে ভর্তীচ্ছুদের বিশ্ববিদ্যালয়ের  
ভর্তির ওয়েবসাইট <https://admission.cu.ac.bd>  
থেকে ‘অনলাইনে আবেদন প্রক্রিয়া’ অনুসরণ  
করতে হবে।

আবেদন শুরু হবে ১ ডিসেম্বর ২০২৫ সকাল  
১১টা থেকে এবং শেষ হবে ১৫ ডিসেম্বর ২০২৫  
রাত ১১:৫৯টায়। আবেদন ফি জমা দেওয়ার  
সময়সীমা ১ থেকে ১৭ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত।  
আবেদনপত্র সংশোধনের জন্য ১ থেকে ২১  
ডিসেম্বর ২০২৫ পর্যন্ত সময় নির্ধারণ করা  
হয়েছে।

এই ক্ষেত্রে সার্ভিস চার্জ হিসেবে ৩০০ টাকা  
প্রযোজ্য।

### **আবেদন যোগ্যতা :**

আবেদনের যোগ্যতা অনুযায়ী বাংলাদেশের  
যেকোনো শিক্ষা বোর্ডের অধীনে ২০২২ বা  
২০২৩ সালের মাধ্যমিক/দাখিল/সমমান  
পরীক্ষায় উত্তীর্ণ এবং ২০২৪ বা ২০২৫ সালের  
উচ্চ মাধ্যমিক/আলিম/সমমান পরীক্ষায় উত্তীর্ণ  
শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন।  
আবেদনকারী ভর্তি নির্দেশিকায় উল্লিখিত  
ইউনিট, উপ-ইউনিট, অনুষদ, বিভাগ,

ইনস্টিটিউট এবং বিষয়ে নির্ধারিত যোগ্যতা পূরণ করলে সংশ্লিষ্ট ইউনিট বা উপ-ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবেন।

ইউনিট ও উপ-ইউনিটের মধ্যে রয়েছে এ ইউনিট (বিজ্ঞান, জীববিজ্ঞান, ইঞ্জিনিয়ারিং ও মেরিন সায়েন্স অ্যান্ড ফিশারিজ অনুষদভুক্ত সব বিষয়), বি ইউনিট (কলা ও মানববিদ্যা অনুষদভুক্ত ৯টি বিষয়), বি১ উপ-ইউনিট (নাট্যকলা, চারুকলা, সংগীত), বি১ উপ-ইউনিট (আরবি, ইসলামিক স্টাডিজ, পালি), সি ইউনিট (ব্যবসায় প্রশাসন অনুষদভুক্ত সব বিষয়), ডি ইউনিট (সমাজবিজ্ঞান অনুষদ, আইন অনুষদ, শিক্ষা অনুষদ ও মানবিক শাখার শিক্ষার্থীদের জন্য ভূগোল ও পরিবেশবিদ্যা, মনোবিজ্ঞান), এবং ডি১ উপ-ইউনিট (ফিজিক্যাল এডুকেশন অ্যান্ড স্পোর্টস সায়েন্স)।

জিসিই (ও/এ লেভেল) এবং সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য নির্ধারিত সমতা নিরূপণের ব্যবস্থা থাকবে। ২০২২ বা ২০২৩ সালের ও-লেভেল এবং ২০২৪ বা ২০২৫ সালের এ লেভেল পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা সমতা নিরূপণ সাপেক্ষে আবেদন করতে পারবেন।

সমতা নিরূপণ ফি এক হাজার টাকা এবং প্রক্রিয়া ০১ থেকে ১০ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত সম্পন্ন করতে হবে। সমতা নিরূপণ শেষে শিক্ষার্থীরা Equivalent ID দিয়ে অনলাইনে আবেদন করতে পারবেন।

ভর্তি পরীক্ষা চট্টগ্রাম, ঢাকা এবং রাজশাহীতে একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে।

তবে B1, B2 এবং D1 উপ-ইউনিটের পরীক্ষা শুধুমাত্র চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। আবেদনকারীরা কোন কেন্দ্রের পরীক্ষা দিতে চান তা আবেদন করার সময় যথাযথভাবে নির্বাচন করতে হবে।

ভর্তিসংক্রান্ত বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত ভর্তি নির্দেশিকায় পাওয়া যাবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যেকোনো নিয়ম, শর্ত, পরিবর্তন বা সংশোধনের অধিকার সংরক্ষণ করে।

